খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা
রেজিস্ট্রারের কার্যালয়
(সংস্থাপন-০৩)

# নিয়োগ সংক্রান্ত নীতিমালা

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত কর্মকর্তা শূন্যপদ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে-

| ক্রঃ নং | পদের নাম ও সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড ('২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | মেডিকেল অফিসার (চক্ষু)<br>০১ (এক) টি | বেতন স্কেল:<br>(২২,০০০-৫৩,০৬০/-)<br>(গ্রেড-৯) | প্রার্থীকে বাংলাদেশের সরকারী/স্বীকৃত বেসরকারী মেডিকেল কলেজ অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কমপক্ষে এমবিবিএস (পাঁচ বছর) ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনতম ০১টি প্রথম বিভাগ/শ্রেণি/সমগ্রেডসহ সকল পর্যায়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে। চক্ষু বিষয়ে উচ্চতর ডিগ্রী/বিশেষজ্ঞ ডাক্তারদের অগ্রাধিকার দেয়া হবে।<br>বয়স অনূর্ধ্ব ৩২ বছর। |
| ০২। | সাইকোলজিস্ট<br>০১ (এক) টি | বেতন স্কেল:<br>**(২২,০০০-৫৩,০৬০/-)**<br>**(গ্রেড-৯)** | প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে মনোবিজ্ঞান বিষয়ে কমপক্ষে স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনতম ০১টি প্রথম বিভাগ/ শ্রেণি/ সমগ্রেডসহ সকল পর্যায়ে দ্বিতীয় বিভাগ/ শ্রেণি/ সমগ্রেড (সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.০০ এবং জিপিএ ৫.০০ এর মধ্যে ৩.৫) থাকতে হবে। সাইকোলজিস্ট (মনোবিদ) হিসেবে কাউন্সিলিং কাজে কমপক্ষে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>বয়স অনূর্ধ্ব ৩২ বছর। |

নিয়মাবলী ঃ

১। আবেদন অনলাইন (Online)-এ করতে হবে এবং অনলাইনে পূরণকৃত আবেদনপত্র ডাউনলোড করত: প্রয়োজনীয় (০৫ নং শর্তে চাহিত) কাগজপত্রাদিসহ ১০ (দশ) সেট আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করতে হবে। উল্লেখ্য, প্রত্যেক পদের জন্য ৬০০/- (ছয়শত) টাকা অনলাইন-এ মোবাইল ব্যাংকিং (রকেট) এর মাধ্যমে পেমেন্ট করে যে কোন এক সেট আবেদনপত্রের সঙ্গে জমাকৃত স্লিপ সংযুক্ত করতে হবে। অনলাইন (Online) আবেদন ব্যতীত কোন আবেদন গ্রহণযোগ্য নয়।

২। খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।

৩। নিয়োগ নীতিমালায় বর্ণিত না থাকলে স্নাতকোত্তর ও স্নাতক ডিগ্রি নিম্নরূপে সমমান বিবেচিত হবে-
স্নাতকোত্তর /সমমান = ৪ বছর মেয়াদী স্নাতক = ৩ বছর মেয়াদী স্নাতক + ১ বছর মেয়াদী স্নাতকোত্তর = ২ বছর মেয়াদী স্নাতক + ২ বছর মেয়াদী স্নাতকোত্তর । অর্থাৎ কমপক্ষে ১৬ বছরের প্রাতিষ্ঠানিক ডিগ্রি। স্নাতক /সমমান = ৪ বছরের কম যে কোন স্নাতক ডিগ্রি।

৪। নিয়োগ নীতিমালায় বর্ণিত না থাকলে এসএসসি/সমমান, এইচএসসি/সমমান, স্নাতক /সমমান ও স্নাতকোত্তর /সমমানের ডিগ্রির বিভাগ/শ্রেণি/গ্রেড নিম্নরূপে সমমান বিবেচিত হবে -
সাধারণ - ১ম বিভাগ/শ্রেণি = জিপিএ ৩.০০ (৪.০০ স্কেলে) = জিপিএ ৩.৫০ (৫.০০ স্কেলে) এবং ২য় বিভাগ/শ্রেণি = জিপিএ ২.২৫ (৪.০০ স্কেলে) = জিপিএ ২.৫০ (৫.০০ স্কেলে)। কলা ও মানবিক - ১ম বিভাগ/শ্রেণি = জিপিএ ২.৭৫ (৪.০০ স্কেলে) = জিপিএ ৩.২৫ (৫.০০ স্কেলে) এবং ২য় বিভাগ/শ্রেণি = জিপিএ ২.০০ (৪.০০ স্কেলে) = জিপিএ ২.২৫ (৫.০০ স্কেলে)।

৫। **প্রতি সেট আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজ-পত্রাদি অবশ্যই দাখিল করতে হবে-**
ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত ফটোকপি
খ) নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি
গ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ১০ (দশ) কপি সত্যায়িত ছবি (প্রতি সেটে একটি করে)

ঘ) যে কোন এক সেট আবেদনপত্রের সঙ্গে অনলাইনে জমাকৃত পেমেন্ট স্লিপ

৬। এই নীতিমালায় কর্মকর্তা হিসেবে প্রতিটি পদে নিয়োগের ক্ষেত্রে খুলনা বিশ্ববিদ্যালয়ে ০৫ (পাঁচ) বছর বা তদুর্দ্ধ পর্যন্ত কর্মরত কর্মকর্তাদের জন্য শিক্ষাগত যোগ্যতা (কেবল বিভাগ/শ্রেণি/গ্রেড) এবং বয়স শিথিলযোগ্য। তবে কর্মরত প্রার্থীরা এই শিথিলতার সুযোগ একবারের বেশি প্রাপ্য হবেন না।

৭। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং বর্তমানে কর্মরত প্রতিষ্ঠানের অনাপত্তিপত্র সংযুক্ত করতে হবে।

৮। কোন চাকরিপ্রার্থী খুলনা বিশ্ববিদ্যালয়/অন্যান্য যে কোন বিশ্ববিদ্যালয় থেকে যে কোন মেয়াদে শাস্তিপ্রাপ্ত/অর্থ দন্ডে দন্ডিত হলে খুলনা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী পদে নিয়োগের জন্য যোগ্য বলে বিবেচিত হবে না। তবে কেউ যদি শাস্তির বিষয়টি গোপন রেখে চাকরিতে যোগদান করেন এবং পরবর্তীতে প্রাপ্ত শাস্তির বিষয়টি প্রকাশিত হলে তাকে তাৎক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয়ের চাকরি থেকে অব্যাহতি প্রদান করা হবে। খুলনা বিশ্ববিদ্যালয়ের চাকরির আবেদন ফরমে প্রার্থী কোন ধরণের শাস্তিপ্রাপ্ত কি না তা একটি কলামে সংযোজন করতে হবে।

৯। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়। বিদেশে স্থায়ীভাবে বসবাসরত/বসবাসের অনুমতিপ্রাপ্ত ব্যক্তিও বিবেচিত হবেন না।

১০। মেডিকেল অফিসার পদে গত ২৯-০৪-২০২৪ খ্রি. তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

১১। আবেদনপত্র আগামী **১৭-০৬-২০২৫ থেকে ০২-০৭-২০২৫** খ্রি. তারিখ অফিস চলাকালীন ডাকযোগে/সরাসরি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই পৌছাতে হবে।

১২। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।


**(প্রফেসর ড. এস এম মাহবুবুর রহমান)**
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
E-mail: registrar@ku.ac.bd